

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭০৯

পরিচ্ছেদঃ সফরে সিয়াম পালনের অবকাশ।

باب مَا جَاءَ مِنَ الرُّخْصَةِ فِي الصَّوْمِ فِي السَّفَرِ

আরবী

حَدَّتَنَا هَارُونُ بْنُ إِسْحَاقَ الْهَمْدَانِيُّ، حَدَّتَنَا عَبْدَةُ بْنُ سُلَيْمَانَ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، أَنَّ حَمْزَةَ بْنَ عَمْرِو الأَسْلَمِيَّ، سَأَلَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم عَنِ الصَّوْمِ فِي السَّفَرِ وَكَانَ يَسْرُدُ الصَّوْمَ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنْ شِئْتَ فَصَمُ وَإِنْ شِئْتَ فَأَفْطِرْ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَنسِ بْنِ مَالِكُ وَأَبِي سَعِيدٍ وَعَبْدِ وَعَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ وَعَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو وَأَبِي الدَّرْدَاءِ وَحَمْزَةَ بْنِ عَمْرٍو الأَسْلَمِيّ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَائِشَةَ أَنَّ حَمْزَةَ بْنَ عَمْرٍو سَأَلَ النَّبِيَّ صلى الله عليه وسلم حَدِيثُ حَسَنٌ صَحَدِيثُ .

বাংলা

৭০৯. হারুন ইবনু ইসহাক হামদানী (রাঃ) আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, হামযা ইবনু আমর আসলামী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে সফরে সিয়াম সম্পর্কে জিজ্ঞাসা করেছিলেন। আর তিনি লাগাতার সিয়াম পালন করতেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বললেনঃ তুমি চাইলে সিয়াম পালন কর আর ইচ্ছা ইফতার কর। - ইবনু মাজাহ ১৬৬২, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৭১১ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আনাস ইবনু মালিক, আবূ সাঈদ, আবদুল্লাহ ইবনু মাসউদ, আবদুল্লাহ ইবনু আমর, আবূ দারদা এবং ইবনু আমর আসালামী (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আয়িশা (রাঃ)-এর বর্ণিত হামযা ইবনু আমর আসলামী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞাস করেছিলেন, এই হাদিসটি হাসান সহীহ।

English



Aishah narrated that:

Hamzah bin Amr Al-Aslami asked the Messenger of Allah about fasting while traveling, and he fasted regularly. So the Messenger of Allah said: 'If you wish then fast, and if you wish then break (the fast).'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন